


বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়  
ঢাকা।

স্মারক নং- ২৪.০৬.০০০০.০৩১.০৬.০০২.১৭- ২৭৭ (৬) তারিখঃ ২৪/০৮/২০২২

নোটিশ

বিষয়ঃ উঠান বৈঠকে চাষী/বসনীদেব সঞ্চে মতবিনিময় সভা।

আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকার ২০২১-২২ অর্থ বছরের কৌশলগত উদ্দেশ্য সমূহের কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২১) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষে উঠান বৈঠকে চাষী/বসনীদেব সঞ্চে মতবিনিময় সভা আগামী ২০/০৯/২০২১ইং তারিখ বেলা ১০.০০ ঘটিকায় অত্র কার্যালয়ে আওতাধীন রেশম সম্প্রসারণ কেন্দ্র, মানিকগঞ্জে উপ-পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্টদের স্বাস্থ্যবিধি মেনে (মাস্ক পরে, সামাজিক দুরত্ব বজায় রেখে) যথাসময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।




(মোহাঃ আব্দুল মালেক)

উপ-পরিচালক (অ.দা.)

আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়  
ঢাকা

বিতরণঃ

- ১। হিসাব রক্ষক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপক, রেশম সম্প্রসারণ কেন্দ্র, মানিকগঞ্জ/ধামরাই।
- ৩। উচ্চমান সহকারী, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।
- ৫। মাস্টার কপি।



মোঃ তরিকুল ইসলাম  
সম্প্রসারণ কর্মকর্তা  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী।

## উঠান বৈঠক রেজুলেশন সেপ্টেম্বর/২০২১

অদ্য ২০/০৯/২০২১ইং তারিখ রোজ সোমবার সকাল ১০ ঘটিকায় মানিকগঞ্জ রেশম সম্প্রসারণ কেন্দ্রের অধীন পাতরাইল গ্রামের রেশম চাষী জনাব আছিয়া বেগম- এর পলুঘরের উঠানে স্বাস্থ্য বিধি মেনে তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

উঠান বৈঠকে সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ আব্দুল মালেক, উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা। উঠান বৈঠকে উপস্থিত রেশম চাষীদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হয়।

সভার আলোচ্য সূচীঃ

- ১। তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত।
- ২। বিবিধ।

অধ্যকার উঠান বৈঠকের সভাপতি মহোদয় উপস্থিত সকল রেশম চাষীদের স্বাগত জানিয়ে পলুপালন, গুটি উৎপাদন ও তুঁতচাষ সংক্রান্ত বিষয়ে আলোচনার আহ্বান জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর পরিচিত পর্বে সভাপতিকে উপস্থিত রেশম চাষীগণ সকলের পরিচয় প্রদান করেন। উঠান বৈঠকে রেশম চাষীগণ পর্যায়ক্রমে বক্তব্য রাখেন, সাহিদা বেগম, আছিয়া বেগম, ছাহেরা বেগম, আইতি আক্তার, মালঞ্চ ও মঙ্গল। আরো বক্তব্য রাখেন মোঃ আওলাদ হোসেন, এন্ডী স্পীনার ও মোঃ নুরুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক, মানিকগঞ্জ রেশম সম্প্রসারণ কেন্দ্র।

সকল বক্তৃতা প্রায় অভিন্ন বক্তব্য রাখেন। বক্তৃতা উৎপাদিত রেশম গুটির মূল্য বৃদ্ধি, রেশম চাষী ভাতা প্রদান, তুঁতগাছ ছাটাই এর খরচ উঠান বৈঠকে আসার যাতায়াত ভাতা প্রদান, করোনা কালীন সময়ে প্রনোদনা প্রদান, তুঁতচাষ রোপন সহায়তা এবং রেশম চাষীগণের প্রশিক্ষণের ব্যবস্থার জন্য জোর দাবি জানান।

অতঃপর সভাপতি তার বক্তব্য বলেন আগামী অর্থঃ/১৪২৮ বন্দে সফলতার সহিত রেশম গুটি উৎপাদন করতে হবে। এবং ২০২০-২১ অর্থ বৎসরে চাষীগণকে বাড়ীর আনাচে-কানাচে, পুকুর পাড়ে এবং সরকারী রাস্তার ধারে তুঁত চারা রোপনের জন্য উপস্থিত সকল চাষীগণকে অনুরোধ করেন।

পরিশেষে তিনি উঠান বৈঠকে উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করে তাহার মূল্যবান বক্তব্য শেষ করেন এবং উঠান বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ২০-০৯-২০২১ইং

  
 ২০/০৯/২১  
 মোঃ কতুন ইসলাম  
 রেশম সম্প্রসারণ কর্মকর্তা  
 বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
 রাজশাহী।

  
 (মোহাম্মদ আব্দুল মালেক)  
 উপ-পরিচালক  
 আঞ্চলিক রেশম সম্প্রসারণ  
 কার্যালয়  
 ঢাকা।



১৩৬



২৬  
মোঃ তব্রিকুল ইসলাম  
কর্মকর্তা  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী।